তারিখ ... 11 JUL 2016 ..
পৃষ্ঠা ... কলাম ...

যুগান্তর

# শ্রীপুরে কলেজ সরকারি হওয়ায় আনন্দ মিছিল

শ্রীপুর (গাজীপুর) প্রতিনিধি

শ্রীপুর উপজেলায় একটি মাত্র উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান এবার জাতীয়করণের আওতায় এসেছে। শ্রীপুর মুক্তিযোদ্ধা রহমত আলী কলেজকে সরকারি ঘোষণার মাধ্যমে এটি বাস্তবায়িত হয়েছে। ফলে ৫০ বছর পর শ্রীপুরবাসীর দাবি পূরণ হয়েছে। এ উপজেলায় প্রাথমিক বিদ্যালয় ছাড়া অন্য কোনো শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণের আওতায় নেই। এতে শ্রীপুর উপজেলার সর্বত্র উৎসবের আমেজ বিরাজ করছে। কলেজ সরকারি ঘোষণায় নানাভাবে বিভিন্ন শ্রেণী পেশার মানুষ তাদের স্বস্তি প্রকাশ করেছেন। এ আনন্দ নতুনমাত্রা যোগ করেছে ঈদের আনন্দের সঙ্গে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঈদুল ফিতরের আগেই দেশের ১৯৯টি বেসরকারি কলেজকে জাতীয়করণের জন্য অনুমোদন করেন। ১৯৬৮ সালে প্রতিষ্ঠিত এ কলেজটিও ওই অনুমোদনের তালিকায় ৫ম অবস্থানে। শ্রীপুর মুক্তিযোদ্ধা রহমত আলী কলেজকে সরকারি ঘোষণা করায় গাজীপুরের শ্রীপুরে আনন্দ মিছিল, র‍্যালি ও সভা অনুষ্ঠিত হয়েছে। রোববার সংসদ সদস্য অ্যাডভোকেট মো. রহমত আলী কলেজ প্রাঙ্গণে আসার পর র‍্যালি শুরু হয়। শ্রীপুর মুক্তিযোদ্ধা রহমত আলী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ নূরুন্নবী আকন্দের নেতৃত্বে র‍্যালিটি শ্রীপুর পৌর শহরের প্রধান সড়কগুলো প্রদক্ষিণ করে। র‍্যালিতে শ্রীপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি অ্যাডভোকেট শামসুল আলম প্রধান, কলেজের ছাত্র সংসদের ছাত্রলীগ থেকে নির্বাচিত সাবেক ভিপি ফরিদ আহমেদ চুন্নু, জিএস অ্যাডভোকেট শেখ মো. নজরুল ইসলাম, শ্রীপুর উপজেলা চেয়ারম্যান আবদুল জলিল, ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মণ্ডল বুলবুল, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান বুলবুল, সব শিক্ষক, প্রবীণ ও নবীন শিক্ষার্থী, বিভিন্ন শ্রেণী পেশার মানুষ অংশগ্রহণ করেন। র‍্যালি শেষে কলেজ প্রাঙ্গণে এক সভা অনুষ্ঠিত হয়। সংসদ সদস্য অ্যাডভোকেট মো. রহমত আলী সভায় প্রধান অতিথি ছিলেন।